লোকাল হেল্‌থ বুলেটিন ২০১৪ ম্যানুয়াল

লোকাল হেল্‌থ বুলেটিন ২০১৪ প্রকাশনার কাজে আপনাকে স্বাগতম। এবার কাজকে আগের চেয়ে আরও সহজ করা হয়েছে।



কিভাবে শুরু করবেন

প্রথমে স্বাস্থ্য অধিদপ্তরের ওয়েব সাইটে যান (www.dghs.gov.bd)। এবার ডাটাবেইজ লগ-ইন বাটনে ক্লিক দিন। এবার Data entry Local Health Bulletin 2014 লিংকে ক্লিক দিন।

নীচের ছবির মত একটি লগ-ইন বক্স আসবে। Organization email বক্সে আপনার প্রতিষ্ঠানের ইমেইল ঠিকানা লিখুন। এরপর HRM সফটওয়্যারে ব্যবহৃত আপনার প্রতিষ্ঠানের পাসওয়ার্ড লিখুন।

Login to LHB-তে ক্লিক দিন।

পাসওয়ার্ড ভুলে গেলে Forgot password? লিংকে ক্লিক দিন।

ভালো হয় নুতন ম্যানুয়ালটি ডাউনলোড করে কম্পিউটারে সেভ করে রাখা বা প্রিন্ট করে নেয়া। ডাউনলোড করার জন্য Print Manual লিংকে ক্লিক দিন।



লগ-ইন সফল হলে নীচের ছবির মত একটি পাতা আসবে।



ডাটা এন্ট্রি বা আপডেট করা

বাম পাশের প্যানেল থেকে Create/Update LHB) লিংকে ক্লিক দিন। এরপর Year 2014-এর উপর ক্লিক দিন।



নীচের ছবিটির মত একটি ছবি আসবে।



Page 1-এ ক্লিক দিন। লোকাল হেল্‌থ বুলেটিনের এক নম্বর পাতাটি খুলবে।

আপনি দেখতে পাবেন লোকাল হেল্‌থ বুলেটিন ২০১৩-এর ডাটা বা টেক্সটগুলো লাল রঙ-এ দেখা যাচ্ছে। এটা করা হয়েছে আপনাদের সুবিধার জন্য। কেননা লোকাল হেল্‌থ বুলেটিন ২০১৩-এর অনেক তথ্যই লোকাল হেল্‌থ বুলেটিনে একই রকম হবে। সেজন্য বার বার একই তথ্য যাতে টাইপ করতে না হয় তার জন্য লোকাল হেল্‌থ বুলেটিন ২০১৩ থেকে স্বয়ংক্রিয়ভাবে ডাটা কপি করে আনার ব্যবস্থা করা হয়েছে।

পুরো পাতার তথ্যগুলো এক নজর দেখে নিন। কোন ঘরের তথ্য হালনাগাদ করতে হলে শুধু সেই ঘরে তথ্য হালনাগাদ করুন। হালনাগাদ হয়ে গেলে Save/Update বাটনে ক্লিক দিন। দেখবেন শুধু সেই ঘরগুলোর ডাটা বা টেক্সট-এর রঙ কালো হয়ে গেছে। যদি পুরো পাতার কোন ডাটা বা টেক্সটই পরিবর্তন করতে না হয় তবে সরাসরি Save Full Page বাটনে ক্লিক দিন। তা হলে পুরো পাতাটিই হালনাগাদ হিসেবে বিবেচিত হবে। যদি এক সেসনে পুরো পাতা দেখা সম্ভব না হয় তবে যে ঘরগুলো হালনাগাদ করা সম্ভব সেগুলো হালনাগাদ করে Save/Update বাটনে ক্লিক দিন। বাকী ঘরগুলো লাল রঙেই থাকবে। পরে আবার লগ-ইন করে বাকী ঘরগুলো হালনাগাদ করে আবারো Save/Update বাটনে ক্লিক দিতে হবে। এক বা একাধিক সেসনে হালনাগাদ করা হলেও একটি পাতা পুরো হালনাগাদ করার কাজ শেষ হলে অবশ্যই Save Full Page বাটনে ক্লিক দিতে হবে।

Page 1 হালনাগাদ করার পর অন্য Pageগুলোও একই পদ্ধতিতে হালনাগাদ করতে হবে।

হেল্‌থ বুলেটিন থেকে লগ আউট করা

হেলথ বুলেটিন থেকে লগ আউট করার জন্য Page-এর উপরের ডান দিকে Log Out লেখা লিংকটিতে ক্লিক দিতে হবে। যদি Log Out লেখা কোন বাটন না থাকে তবে নিম্নমুখী একটি ত্রিভুজ দেখা যাবে। সেই ত্রিভুজে ক্লিক দিলেই Log Out লিংকটি আসবে।

হেল্‌থ বুলেটিন প্রকাশ করা



বাম পাশের প্যানেল থেকে Publish LHB বাটনে ক্লিক দিন। এরপর 2014 বাটনে ক্লিক দিন। হেল্‌থ বুলেটিন ২০১৪ দেখা যাবে। ভালো করে পুরোটা দেখে দিন। ভুল ভ্রান্তি আছে কিনা দেখুন। থাকলে আবার Create/Update LHB বাটনে গিয়ে সংশ্লিষ্ট পাতা সঠিক করুন।

হেল্‌থ বুলেটিন প্রকাশিত অবস্থায় Print LHB বাটনে ক্লিক দিয়ে লোকাল হেল্‌থ বুলেটিন প্রিন্ট করা যাবে।

কাজের জন্য ডেস্কটপে জায়গা বাড়ানো



যখন ডাটা এন্ট্রি করবেন তখন ডেস্কটপে অনেক বেশী জায়গার প্রয়োজন হয়। তখন বাম পাশের প্যানেলের ডান পাশে তীর চিহ্নিত চার কোনা অংশটিতে ক্লিক দিলে বাম পাশের প্যানেলটি অদৃশ্য হয়ে যাবে। আবার ঐ চার কোনা অংশটিতে ক্লিক দিয়ে তা দৃশ্যমান করা যাবে।

ইউজার ম্যানুয়াল দেখে নেয়া বা ডাউনলোড করা

বাম পাশের প্যানেলে User Manual নামে একটি লিংক আছে। সেই লিংকে ক্লিক দিলে ইউজার ম্যানুয়াল ডাউনলোড হবে।

সাবধান হউন -- সারা বিশ্বের সবাই আপনার হেল্‌থ বুলেটিন শুরু থেকেই দেখছেন

স্বাস্থ্য অধিদপ্তরের ওয়েব সাইট www.dghs.gov.bd-তে ডাটা মেনুতে ক্লিক দিয়ে বিশ্বের যে কেউ লোকাল হেল্‌থ বুলেটিন দেখতে পারেন। কাজেই খুব তাড়াতাড়ি এবং নির্ভুলভাবে লোকাল হেল্‌থ বুলেটিন ২০১৪-এর কাজ শেষ করুন। মে মাসের ১৫ থেকে ৩০ তারিখের মধ্যেই একে একে বিভিন্ন বিভাগে লোকাল হেলথ বুলেটিনের প্রকাশনা উৎসব বার্ষিক এমআইএস কনফারেন্স ২০১৪ অনুষ্ঠিত হবে। সে বিষয়টিও মাথায় রাখুন।

সাহায্য প্রয়োজন হলে

বাম পাশের প্যানেলে সাহায্যের জন্য কার কাছে ফোন করতে হবে তার নাম ও ফোন নম্বর দেয়া আছে। প্রয়োজন হলে তাদের কারও কাছে ফোন করুন।